দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 1 1999
পৃষ্ঠা কলাম

62

## ফল প্রকাশে বিলম্ব ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৮ জন মেধাবী ছাত্রের বৃত্তি হাতছাড়া

হোসেন আল মামুন ॥ অনার্স ফাইনাল পরীক্ষার ফল প্রকাশে দীর্ঘ বিলম্বের কারণে ইসলামী বিশ্ববিদ্যালয়ের তিনটি বিভাগের শীর্ষ ৬জন করিয়া ১৮ জন মেধাবী ছাত্র-ছাত্রীর ভাগ্য বিপর্যয় ঘটিয়াছে। উক্ত মেধাবী শিক্ষার্থীরা এ বছর শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত মেধাবৃত্তি প্রাপ্তি হইতে বঞ্চিত

(১১ পৃঃ দ্রঃ)

## ফল প্রকাশে

(৩য় পৃঃ পর)

হইয়াছে। বিভাগ তিনটি হইতেছে ইসলামের ইতিহাস, ইংরেজী এবং লোক প্রশাসন। উক্ত তিনটি বিভাগের '৯৬-এর অনার্স ফাইনাল পরীক্ষা ('৯২-৯৩ ব্যাচ) অনুষ্ঠিত হয় '৯৮-তে। পরীক্ষা অনুষ্ঠানের যথাক্রমে ১১ মাস ও ১৫ মাস পর ইংরেজী এবং ইসলামের ইতিহাস বিভাগ গত মাসের শেষে অনার্স ফাইনাল পরীক্ষার ফল প্রকাশ করিলেও লোক প্রশাসন বিভাগ আজ অবধি ফল প্রকাশে সমর্থ হয় নাই। শিক্ষা জীবনের অন্যতম স্বীকৃতি এই মেধাবৃত্তি হাতছাড়া হইয়া যাওয়ায় সংশ্লিষ্ট শিক্ষার্থী দারুণ হতাশ।

এব্যাপারে উপরেজিস্ট্রার (শিক্ষা) ডঃ রেজাউল করিম জানান, উক্ত তিনটি বিভাগকে একাধিকবার তাগিদ দেওয়ার পরও যথাসময়ে ফল পাইতে ব্যর্থ হওয়ায় উক্ত ১৮ জন মেধাবী শিক্ষার্থীর বৃত্তি হাতছাড়া হইয়া গিয়াছে। খোঁজ লইয়া দেখা গিয়াছে মূলতঃ অধিকাংশ শিক্ষকের গাফিলতি, দায়িত্বহীনতার কারণে এবং মানোন্নয়ন সিস্টেম জটিলতার কারণে বেশিরভাগ বিভাগ ফল প্রকাশে এক বছর হইতে ১৫।১৬ মাস সময় লাগাইতেছে। তবে ইংরেজী বিভাগের শিক্ষকদের আন্তরিকতা থাকিলেও প্রবল শিক্ষক সংকটের কারণে এই বিভাগও উক্ত সমস্যা হইতে মুক্তি পাইতেছে না। বর্তমানে এই বিভাগের ৬টি ব্যাচের পাঁচ শতাধিক শিক্ষার্থীর জন্য মাত্র ১১ জন শিক্ষক কর্মরত রহিয়াছেন।

ফল প্রকাশে দীর্ঘ বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয়ে বর্তমানে সেশনজট দাঁড়াইয়াছে চার বছর। প্রায় প্রতিটি বর্ষেই ব্যাচের সংখ্যা অত্যধিক।